



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

www.prison.com.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২০- ৬২৯

তারিখঃ ২০ কার্তিক ১৪২৭
০৫ নভেম্বর ২০২০

‘বিজ্ঞপ্তি’

বিষয়ঃ কারারক্ষী ও মহিলা কারারক্ষী পদে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

কারা অধিদপ্তরাধীন কারারক্ষী ও মহিলা কারারক্ষী পদে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ পরীক্ষার তারিখ, সময়সূচী ও কেন্দ্র নিম্নরূপ:

পদের নাম	পরীক্ষা গ্রহণের তারিখ ও সময়	অংশগ্রহণকারী পরীক্ষার্থী	পরীক্ষা কেন্দ্রের নাম
কারারক্ষী ও মহিলা কারারক্ষী	তারিখঃ ১৪.১১.২০২০ খ্রিঃ সময়ঃ দুপুর ০২.০০ টা হতে বিকাল ০৩.০০ ঘটিকা।	ময়মনসিংহ, রাজশাহী, রংপুর, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ পুরুষ প্রার্থীগণসহ সকল বিভাগের মহিলা প্রার্থী।	আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এ্যান্ড কলেজ, ৪৯/ই, আজিমপুর, ঢাকা-১২০৫।
কারারক্ষী	তারিখঃ ১৪.১১.২০২০ খ্রিঃ সময়ঃ দুপুর ০২.০০ টা হতে বিকাল ০৩.০০ ঘটিকা।	ঢাকা এবং চট্টগ্রাম বিভাগের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ পুরুষ প্রার্থী।	গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, নিউ মার্কেট, ঢাকা-১২০৫। (ঢাকা কলেজের উত্তর পাশে)

বিঃদ্রঃ নিয়োগ বিজ্ঞপ্তিতে ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, জামালপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, হবিগঞ্জ, রংপুর, লালমনিরহাট, নড়াইল, বাগেরহাট, বরিশাল, পিরোজপুর ও ঝালকাঠি জেলার কিছু প্রার্থী সাধারণ/জেলা কোটা না থাকা সত্ত্বেও প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করে প্রবেশপত্র গ্রহণ করেছেন। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে অসংগতি থাকায় তাদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে না।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলীঃ

- ০১। পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীদের অবশ্যই জাতীয় পরিচয় পত্র অথবা এসএসসি'র ছবিযুক্ত মূল রেজিস্ট্রেশন কার্ড এবং কারা অধিদপ্তর হতে ইস্যুকৃত প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
- ০২। প্রার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক মাস্ক পরিহিত অবস্থায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোন প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।
- ০৩। পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে।
- ০৪। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রোল নম্বর ও নামের সাথে প্রবেশপত্রের রোল নম্বর ও নামের মিল থাকতে হবে। মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করা হবে।
- ০৫। তল্লাশি অভিযান পরিচালনা করে ভূয়া প্রার্থী পাওয়া গেলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। পরীক্ষা কেন্দ্রে কলম বা পেন্সিল ব্যতীত বই, খাতা, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ঘড়ি বা কোন ধরনের ইলেকট্রনিক্স যন্ত্র আনা যাবে না।
- ০৬। এ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.prison.com.bd এবং www.prison.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।
- ০৭। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫/১১/২০২০
(মোঃ মাইন উদ্দিন ভূইয়া)

সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)

ও সদস্য সচিব

কারারক্ষী ও মহিলা কারারক্ষী নির্বাচন কমিটি